# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১


বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-২২

২৯ জুন ২০২৬
তারিখ: ------------------
১৫ আষাঢ় ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ এবং আমানতের গড়ভারিত সুদহার ব্যবধান বা Intermediation Spread নির্ধারণ প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৬৭ তারিখ: ২৯ নভেম্বর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে, রেফারেন্স রেট ও মার্জিন ভিত্তিক ঋণের সুদহার পদ্ধতি {SMART (Six Months Moving Average Rate of Treasury Bill)+ Specified Margin} নির্ধারণের প্রেক্ষিতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নির্ধারণ সংক্রান্ত সকল নির্দেশনা রহিত করা হয়। পরবর্তীতে বিআরপিডি সার্কুলার নং-১০ তারিখ: ০৮ মে ২০২৪ এর মাধ্যমে সম্পূর্ণ বাজারভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তন করার পরও ব্যাংকসমূহকে intermediation spread সীমা নির্ধারণ সংক্রান্ত কোনো নির্দেশনা প্রদান করা হয়নি। সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, অনেক ব্যাংকের আমানতের সুদহারের তুলনায় ঋণের সুদহার অধিক হারে নির্ধারণের ফলে গড়ভারিত intermediation spread অত্যধিক বৃদ্ধি পেয়েছে, যা ব্যবসা-শিল্প প্রবৃদ্ধিকে বাধাগ্রস্ত করছে।

৩। এক্ষণে, উৎপাদনশীল খাতসহ বিভিন্ন খাতে ঋণের সুদহার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ (Consumer Finance) ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread ৪% এর মধ্যে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) এবং ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোনঃ ৯৫৩০২৫২